

ভুটানের রাজার রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ

এপ্রিল 04, 2023

ভুটানের রাজা, মহামান্য জিগমে খেসার নামগেল ওয়াংচুক আজ (4 এপ্রিল 2023) রাষ্ট্রপতি ভবনে ভারতের রাষ্ট্রপতি শ্রী মতি দ্রৌপদী মুর্মুর সাথে সাক্ষাৎ করেন।

এদিন মহামহিমকে ভারতে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন যে ভারত এবং ভুটান পারস্পরিক বিশ্বাস, শ্রদ্ধা এবং বোঝাপড়ার ভিত্তিতে সমস্ত স্তরে ঘনিষ্ঠ অংশীদারিত্ব উপভোগ করে। তিনি এদিন একথাও জানান যে ভারত ভুটানের সাথে বহুমুখী এবং অনন্য অংশীদারিত্বকে গভীরভাবে মূল্য দেয়। তিনি জানান যে ভুটানের বৃহত্তম উন্নয়ন সহযোগী হিসাবে, ভারত স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, পরিকাঠামো, ডিজিটাইজেশন এবং দক্ষতা উন্নয়নের মতো ক্ষেত্রে ভুটানের প্রকল্পগুলিকে সমর্থন করতে পেরে গর্বিত। তিনি আশ্বাস দিয়েছিলেন যে ভারতের উন্নয়ন অংশীদারিত্ব ভুটানের অগ্রাধিকার এবং আকাঙ্ক্ষার দ্বারা পরিচালিত হবে।

রাষ্ট্রপতি একথাও উল্লেখ করেন যে এই বছর ভুটান স্বল্পোন্নত দেশ (এলডিসি) বিভাগ থেকে স্নাতক হয়ে উচ্চ আয়ের অর্থনীতিতে পরিণত হওয়ার পথে যাত্রা শুরু করবে। তিনি আরও জানান যে ভারত এই যাত্রায় ভুটানের একটি নির্ভরযোগ্য অংশীদার।

রাষ্ট্রপতি উল্লেখ করেছেন যে ভারত এবং ভুটান ফিন-টেক, স্টার্ট-আপ এবং উদীয়মান প্রযুক্তি স্ট্রটেও সহযোগিতা করেছে। তিনি বলেন, আমাদের তরুণদের শক্তি ও সম্ভাবনাকে সঠিকভাবে কাজে লাগাতে দুই দেশের উচিত এই সহযোগিতার পরিধি প্রসারিত করা।

নয়া দিল্লি

এপ্রিল 04, 2023